

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা
www.ec.org.bd

নির্বাচন অগ্রাধিকার
অতি জরুরি

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৭-৩৯৩(৪০)

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
১৯ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

প্রাপক: সভাপতি/সাধারণ সম্পাদক
.....(সকল নিবন্ধিত রাজনৈতিক দল)

বিষয়: উপজেলা পরিষদ সাধারণ নির্বাচনে চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে নিবন্ধিত রাজনৈতিক দল কর্তৃক মনোনয়ন প্রদানের জন্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরসহ তালিকা সরবরাহ প্রসঙ্গে

প্রিয় মহোদয়,

মাননীয় নির্বাচন কমিশন ১৯ জুন ২০১৭ তারিখে চট্টগ্রাম জেলার নবগঠিত কর্ণফুলী উপজেলা পরিষদের সাধারণ নির্বাচনের জন্য নিম্নোক্ত সময়সূচি ঘোষণা করেছেন:

| | | | | |
|-----|---|---|---------------------------------|---------------|
| (ক) | রিটার্নিং অফিসার/ সহকারী রিটার্নিং অফিসারের নিকট/ অনলাইনে মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৪ জুলাই ২০১৭ ২০ আষাঢ় ১৪২৪ | (মঙ্গলবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৬ জুলাই ২০১৭ ২২ আষাঢ় ১৪২৪ | (বৃহস্পতিবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১৩ জুলাই ২০১৭ ২৯ আষাঢ় ১৪২৪ | (বৃহস্পতিবার) |
| (ঘ) | ভোটগ্রহণের তারিখ | : | ৩০ জুলাই ২০১৭ ১৫ শ্রাবণ ১৪২৪ | (রবিবার) |


০১। উক্ত নির্বাচনে নিবন্ধিত রাজনৈতিক দলের প্রার্থী মনোনয়নসহ অংশগ্রহণের জন্য স্থানীয় সরকার উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩এর বিধি ১৫ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ দফা (ইইই) নিম্নে উদ্ধৃত করা হ'ল:

“(ইইই) রাজনৈতিক দলের চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদের প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাহাদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকিতে হইবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হইতে মনোনয়ন দেওয়া হইয়াছে:

তবে শর্ত থাকে যে, কোন রাজনৈতিক দল কোন উপজেলা পরিষদে চেয়ারম্যান বা ভাইস চেয়ারম্যান পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিলে সংশ্লিষ্ট উপজেলা পরিষদে উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে:

আরও শর্ত থাকে যে, সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবি, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ০৭ (সাত) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করিবে। ”

০২। বর্নিতাবস্থায়, উল্লিখিত উপজেলা পরিষদের সাধারণ নির্বাচনে অংশগ্রহণ করতে ইচ্ছুক নিবন্ধিত রাজনৈতিক দলসমূহকে উক্ত বিধি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।


১৯.০৬.১৭

(মোঃ ফরহাদ হোসেন)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-২ শাখা


ফোন: ০২-৫৫০০৭৫৫৯

নং-১৭.০০.০০০০.০৭৯.৪০.০০১.১৭-৩৯৩(৪০)

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
১৯ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ, চট্টগ্রাম/ পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম
৪. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
৭. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
৮. জেলা প্রশাসক, চট্টগ্রাম
৯. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১০. পুলিশ সুপার, চট্টগ্রাম
১১. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
১২. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার জন্য অনুরোধ করা হল]
১৩. জেলা নির্বাচন অফিসার, চট্টগ্রাম ও রিটার্নিং অফিসার
১৪. উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম
১৫. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৬. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)
১৭. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয় এর সদয় অবগতির জন্য)
১৮. উপজেলা নির্বাচন অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম ও সহকারী রিটার্নিং অফিসার
১৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, কর্ণফুলী থানা, চট্টগ্রাম।


১৭.০৬.১৭
(মোঃ ফরহাদ হোসেন)
সিনিয়র সহকারী সচিব